

সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক সমিতির স্মারকলিপি

বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক সমিতি ৫ দফা দাবি বাস্তবায়নে বরিশাল জেলা প্রশাসকের মাধ্যমে গতকাল বৃহস্পতিবার প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করে। এ সময় উপস্থিত ছিলেন— সমিতির বরিশাল জেলা শাখার আহ্বায়ক মো. আবু বকর ছিদ্দিক লাভলু, মো. শাহ আলম, এস এম পারভেজ সাজ্জাদ, আব্দুল্লাহ আল মামুন, মো. বিজানুর রহমান, মো. জাহিদ হোসেন প্রমুখ।

উল্লেখ্য, মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণির গেজেটেড পদ মর্যাদায় ঘোষণা দেন এবং একই সাথে বেতন স্কেল ও উন্নীত করেন। তবে প্রায় দেড় বছরেও এই ঘোষণা বাস্তবায়িত হয়নি। —প্রেস বিজ্ঞপ্তি